# আসিফ মাহমুদের বিরুদ্ধে অভিযোগ মনগড়া নয়: দুদক




ছবি: সংগৃহীত

সাবেক অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার বিরুদ্ধে ওঠা অভিযোগগুলোকে মনগড়া বলা যাবে না বলে জানিয়েছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) সচিব সাইদুর রহমান খান।

মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) রাজধানীর সেগুনবাগিচায় দুদকের প্রধান কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

দুদক সচিব জানান, আসিফ মাহমুদের বিরুদ্ধে বিদেশে অর্থ পাচারের যেসব অভিযোগ এসেছে, সেগুলোর সত্যতা যাচাই করে দেখা হবে। প্রয়োজন হলে সংশ্লিষ্ট দেশগুলোর কাছ থেকে তথ্য সংগ্রহের জন্য চিঠি পাঠাবে দুদক।

তিনি বলেন, অভিযোগগুলোর সত্যতা যাচাই শেষ হওয়ার পরই পরবর্তী আইনগত পদক্ষেপ নেওয়া হবে।

LENS ASIA